গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলা সদর, ভোলা।
www.sadar.bhola.gov.bd

স্মারক নং-০৫.১০.০৯১৮.০০০.০২.০৪৯.২৪-৯২৮ -

তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

## ২০.০ পর্যন্ত সরকারি বদ্ধ জলাশয় ইজারা বিজ্ঞপ্তি

উপজেলা প্রশাসন, ভোলা সদর, ভোলা এর ব্যবস্থাপনাধীনে ইজারাযোগ্য ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহালগুলো ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে স্থানীয়ভাবে নির্ধারিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতিকে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত ও সময়সূচি মোতাবেক আবেদন আহবান করা যাচ্ছে।

### আবেদন দাখিলের সময়সূচি

| ক্র: নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন | ৫% বৃদ্ধিতে সম্ভাব্যমূল্য (প্রতি বছরের জন্য) | ১৪৩৩-১৪৩৫ সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভোলা সদর | ভেদুরিয়া | বাঘমারা জলাশয়-১ | ৭.৯৯ একর (কম/বেশী) | ২৭,৩০০/- | ২৮,৬৬৫/- |
| ০২ | | দক্ষিণ দিঘলদী | দক্ষিণ বালিয়া পুকুর | ০.০৮ একর (কম/বেশী) | ৫৫০/- | ৫৭৭.৫০/- |
| ০৩ | | ভেদুরিয়া | ভেদুরিয়া পুকুর-১ | ০.৬৭ একর (কম/বেশী) | ৩,৪৭০/- | ৩,৭০০/- |

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টের কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুজিয়ে দেয়া। |

### -শর্তসমূহ-

১. উপর্যুক্ত সূচী অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে আবেদন দাখিল করতে হবে। তবে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য কোন জলমহাল ইজরা প্রদানের ক্ষেত্রে ১ম তারিখে কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক; (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; (গ) যুব মহিলা; (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা; (ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য; (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট পুকুর/জলমহালের তৃতীয় তারিখ হতে ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে ভোলা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

চলমান পাতা-২

CS CamScanner

৩. যে কোন প্রকৃত স্থানীয়ভাবে নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধীত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

৪. আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার , ভোলা সদর, ভোলা এর অনুকূলে আবেদন ফরমে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে।

৫. মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্রসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য, নতুন নিবন্ধিত মৎস্যজীবীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৬. কোন মৎস্যজীবী সমিতির নিকট কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকলে এবং উক্ত বকেয়া ইজারামূল্যের জন্য কোন আদালতে সার্টিফিকেট মামলা পেন্ডিং/চলমান থাকলে সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র গ্রহীতাকে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮. ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোদ করতে হবে এবং অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯. ইজারা গ্রহীতাকে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবলমাত্র ইজারা চুক্তি সম্পাদনের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেওয়া হবে।

১০. ইজারাদার কোন অবস্থাতে মহাল বা মহালের কোন অংশবিশেষ সাবলিজ প্রদান করতে পারবেন না এবং জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থা আবেদন ফরমে উল্লেখপূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমান আয়তন এবং দখলনামায় উল্লেখকৃত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১. কোন ঘষামাজা বা কাঁটাকাটি বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।

১২. জলমহাল ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলেও নীতিমালা মোতাবেক তার মেয়াদ ঐ সনের ০১লা বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। পরবর্তী ০১ লা বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৪. যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন। এ ব্যাপারে কোন আপত্তি করা যাবে না।

১৫. ইজারার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্ধৃত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর প্রদান করতে হবে।

১৬. অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

১৭. কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. বর্ণিত শর্তাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন, বিধি (যদি থাকে) তা-ও প্রযোজ্য হবে।

২৪/০২/২৫

(মোঃ আরিফুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা কমিটি
ভোলা সদর, ভোলা
মোবা: +৮৮০১৩১৮-২৫৯১১৬
email: unobhola@mopa.gov.bd

CamScanner

স্মারক নং-০৫.১০.০৯১৮.০০০.০২.০৪৯.২৪- ৯২৮ তারিখ : ২৯ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল বিভাগ, বরিশাল।

৩. জেলা প্রশাসক, ভোলা।

৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা।

৫. প্রশাসক, উপজেলা পরিষদ, ভোলা সদর, ভোলা।

৬. সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর, ভোলা।

৭. জেলা তথ্য কর্মকর্তা, ভোলা। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮. উপজেলা কৃষি অফিসার, ভোলা সদর, ভোলা।

৯. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ভোলা সদর, ভোলা। তার অধীন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

১০. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।

১১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভোলা সদর, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২. উপজেলা সমবায় কর্মকর্তা, ভোলা সদর, ভোলা। তার দপ্তরের নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকের বরাবরে অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩. প্রশাসক...................................... ইউনিয়ন পরিষদ (সকল), ভোলা সদর, ভোলা। তাঁকে তার এলাকার সকল হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থান সমূহে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল।

১৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................................... ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকাধীন সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫. সম্পাদক, ..................................................... দরপত্র বিজ্ঞপ্তি তার পত্রিকায় ...................খ্রি. তারিখের মধ্যে স্বল্প পরিসরে প্রয়োজনীয় কলামে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে পত্রিকার দুইটি কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১৬. জনাব..........................................................................................

১৭. অফিস কপি।

M. Rahman
28-12-25

(এস.এম মশিউর রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা কমিটি
ভোলা সদর, ভোলা

বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ১৪৩৩ বাং .docx

CamScanner